

**REGIONAL NEWS UNIT
ALL INDIA RADIO, AGARTALA**

Date : 15-01-2025

Time: 07.35-07.40 AM Hrs

BENGALI MORNING BULLETIN

Assembly Session:

এক দিন বিরতির পর আজ রাজ্য বিধানসভার চলতি শীতকালীন অধিবেশন পুনরায় শুরু হবে। সকাল এগারটায় অধিবেশন শুরু হবে। আজই অধিবেশনের সমাপ্তি হবে। গত ১০ই জানুয়ারী থেকে তিনিদিনের অধিবেশন শুরু হয়।

PM to commission 3 warship in Mumbai:

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি আজ মুস্বাইতে তিনটি যুদ্ধজাহাজ আইএনএস সুরাট, আইএনএস নীলগিরি এবং আইএনএস ভাঘশিরের অন্তর্ভুক্তি অনুষ্ঠানে যোগ দেবেন। এই তিন নেই যুদ্ধ জাহাজের অন্তর্ভুক্তি প্রতিরক্ষা উৎপাদন এবং সামুদ্রিক নিরাপত্তায় ভারতের দৃষ্টিভঙ্গি উপলক্ষ্মি করার ক্ষেত্রে একটি উল্লেখযোগ্য ভূমিকা পালন করবে। পরে প্রধানমন্ত্রী নভি মুস্বাইয়ের খারঘরে শ্রী শ্রী রাধা মদনমোহনজি মন্দিরের উদ্বোধন করবেন। ইসকনের প্রকল্প এই মন্দির নয় একর জুড়ে বিস্তৃত এবং এতে একটি বৈদিক শিক্ষা কেন্দ্র, প্রস্তাবিত জাদুঘর, একটি অডিটোরিয়াম এবং একটি নিরাময় কেন্দ্র রয়েছে।

Poush Mela:

গতকাল সন্ধ্যায় প্রদীপ জ্বালিয়ে তিনিদিনব্যাপী কলসী পৌষ মেলার সূচনা করেন সমবায় ও সংখ্যালুঘু উন্নয়ন দপ্তরের মন্ত্রী শুল্কাচরন নোয়াতিয়া। তিনিদিনের মেলায় জাতি - উপজাতি

অংশের মানুষ পিঠেপুলি সহ হরেক রকম পসরা সাজিয়ে
বসেছেন মেলায়।

Makar Sankranti :

সারা দেশের সঙ্গে গতকাল রাজ্যও বিশেষ উৎসাহ উদ্দীপনার মধ্য
দিয়ে মকর সংক্রান্তি উৎসব উদযাপন করা হয়। পঞ্চাবের লহরী,
আসামের বিহু, তামিলনাড়ুর পোঙ্গল, পশ্চিমবঙ্গ, গুজরাট, হিমাচল
প্রদেশের মতো দেশের আরও অন্যান্য রাজ্যের সঙ্গে ত্রিপুরাতেও
পৌষ সংক্রান্তি অন্যতম এক প্রধান উৎসব।

পৌষ সংক্রান্তি উপলক্ষে অমরপুরের তীর্থমুখে গোমতী নদীর
উৎসস্থলে, তেলিয়ামুড়ার চাকমাঘাটে হাওড়া নদীতে বহু পুন্যার্থী
গতকাল ভোরে পুন্য অবগাহন করেন। পিতৃপুরুষদের উদ্দেশ্যে তর্পণ
করেন। জনজাতি কল্যাণ মন্ত্রী বিকাশ দেববর্মা গতপরশু রাতে
তীর্থমুখে পৌষ সংক্রান্তি মেলার উদ্বোধন করেন।

Mahakumbha :

উত্তরপ্রদেশের প্রয়াগরাজে মহাকুন্ডে মকর সংক্রান্তির অমৃত স্নান
অনুষ্ঠিত হয়। স্নানের পর ভক্তরা ঘাটে পূজা-অর্চনা করেন। গঙ্গা
আরতিতেও বিপুল সংখ্যক মানুষ অংশ নেন। মহাকুন্ড চলবে
আগামী ২৬ ফেব্রুয়ারি মহাশিবরাত্রি পর্যন্ত।

Makar Sankranti/Unakoti :

আমাদের উনকোটি জেলার সংবাদদাতা অনুপম ভট্টাচার্য
জানিয়েছেন, কৈলাশহরে অবস্থিত শৈবতীর্থ 'উনকোটি'তে
দু'দিনের "মকর সংক্রান্তি মেলা" গতকাল সমাপ্ত হয়েছে।
গতকাল ভোরে শত শত পুর্ণার্থী উনকোটির পবিত্র সীতাকুণ্ডে
অবগাহন করেন।

Maan-Ki-Baat :

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আগামী ১৯শে জানুয়ারী রবিবার সকাল ১১টায় আকাশবাণীর 'মন-কি-বাত' অনুষ্ঠানে দেশ-বিদেশের জনগনের সঙ্গে মতবিনিময় করবেন। এটি হবে 'মন-কি-বাত' - এর ১১৮তম পর্ব। প্রধানমন্ত্রী জনগনকে তাদের সুচিত্তি চিন্তাভাবনা 'মন-কি-বাত' -এ জানানোর আঙ্কন জানিয়েছেন। my govt open forum-এ এবং নম: APP-এ জনগণ তাদের মতামত পাঠাতে পারবেন। এছাড়াও TOLL FREE NO. 1800-11-7800 নম্বরে কল করে হিন্দি বা ইংরেজিতে মতামত রেকর্ড করানো যাবে। এছাড়াও, 1922 নম্বরে মিস-কল দিলে যে লিঙ্ক পাওয়া যাবে, তাতেও SMS করা যাবে।

Forest/Unakoti :

বন দপ্তরের উদ্যোগে জাইকা প্রকল্পে উনকোটি জেলার কুমারঘাটের সুকান্তনগরে দুই হেক্টের জমিতে বড় জলাশয় করা হবে। উনকোটি জেলার জেলা বন আধিকারিক কৃষ্ণগোপাল রায় কাল জোনান, প্রস্তাবিত জলাশয়ে মাছ চাষের পাশাপাশি বোটিং সহ ইকো-টুরিজমের উন্নয়ন করা হবে। বনের সঙ্গে যুক্ত স্ব-সহায়ক দলগুলোর কর্মকুশলতা বৃদ্ধির লক্ষ্যে কৃষি বিজ্ঞান কেন্দ্রের সহায়তায় প্রশিক্ষণ দেওয়া হচ্ছে।

PM Pariksha pe Charcha:

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীর সাথে এই বছরের 'পরীক্ষা পে চর্চা' - তে অংশ নিতে রেকর্ড-সংখ্যক তিনি কোটি ২৫ লক্ষ শিক্ষার্থী, অভিভাবক এবং শিক্ষক নিবন্ধন করেছেন। কেন্দ্রীয় শিক্ষা মন্ত্রক জানিয়েছে, 'পরীক্ষা পে চর্চার' অনুষ্ঠান যে ছাত্রছাত্রীদের মধ্যে আন্দোলনের রূপ নিয়েছে তা তাঁদের এই নিবন্ধনের উল্লেখযোগ্য

সংখ্যা বৃদ্ধিতে স্পষ্ট হয় যা 'পরীক্ষা পে চর্চার' গরিমাও বৃদ্ধি করে।

PM on Turmeric Board:

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি জাতীয় হলুদ পর্ষদ প্রতিষ্ঠার প্রশংসা করেছেন। সোশ্যাল মিডিয়া পোস্টে, প্রধানমন্ত্রী বোর্ড প্রতিষ্ঠার বিষয়টিকে, বিশেষ করে দেশের কঠোর পরিশ্রমী হলুদ চাষিদের জন্য অত্যন্ত আনন্দের বলে অভিহিত করেছেন।

Book Fair:

আগরতলার হাঁপানিয়া আন্তর্জাতিক মেলা প্রাঙ্গনে ১৩ দিনব্যাপ্তি ৪৩-তম আগরতলা বই মেলা গতকাল রাতে শেষ হয়। গত সন্ধ্যায় মেলা প্রাঙ্গনে আয়োজিত সমাপ্তি অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন অর্থ মন্ত্রী প্রণজিঃ সিংহ রায়।
